বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ
প্লট#৩, ব্লক#এ, সেকশন#১৩
মিরপুর, ঢাকা-১২১৬।

ফোনঃ ০২-৯০০২৮৮৮
Email: gmsc@krishibank.org.bd
dgmti@krishibank.org.bd

নং-বিকেবি/প্রকা/এসসি-৫(১৮)/২০১৯-২০২০/৫৮৩ তারিখঃ ১৫/০৩/২০২০ ইং

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।

বিষয়ঃ "মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা আঞ্চলিক পর্যায়ে পরিচালনা এবং প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিকেবি, প্রধান কার্যালয়ের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের ২৭/০২/২০১৯ ইং তারিখের পত্র নং- প্রকা/আরএমডি-০১/২০১৮-১৯/১৭৪৭ মোতাবেক সাপ্তাহিক বন্ধের দিনে (শুক্র ও শনিবার) বিভাগীয় কার্যালয় (ঢাকা, কুষ্টিয়া, ফরিদপুর, কুমিল্লা ও বরিশাল) সমুহের নিয়ন্ত্রনাধীন আঞ্চলিক পর্যায়ে শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তা (BAMLCO) দের "মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ" বিষয়ক ০১(এক) দিনের প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্র স্টাফ কলেজকে অনুরোধ করা হয়েছে।

০২। বিকেবি স্টাফ কলেজের উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম), প্রধান কার্যালয় সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা এবং অভিজ্ঞ প্রশিক্ষকগণ উল্লিখিত প্রশিক্ষণ কর্মশালাটি প্রতি সপ্তাহের শুক্রবার ও শনিবারে ভিন্ন ভিন্ন তারিখে আঞ্চলিক কার্যালয়সমূহে পরিচালনা করবেন। এরই ধারাবাহিকতায় আপনাদের কার্যালয়ে আগামী ২০/০৩/২০২০ তারিখে রোজ শুক্রবার প্রশিক্ষণ কর্মশালাটি আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

**প্রশিক্ষণ তফসিল**

| ক্রঃ নং | মুখ্য অঞ্চলের নাম | তারিখ ও বার | সময় | প্রশিক্ষণ স্থান | সমন্বয়কারীর নাম | প্রশিক্ষকবৃন্দ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চাঁদপুর | ২০/০৩/২০২০ **শুক্রবার** | ৯.৩০ | মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর | মুহাম্মদ জনি আহমেদ উর্ধ্বতন কর্মকর্তা | ১। মোঃ আকতার হোসেন, সমব্য (বিভাগীয় দায়িত্বে), ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, প্রকা, ঢাকা।<br>২। মোহাম্মদ আজিজুর রহমান ফকির উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম) |

**উক্ত প্রশিক্ষণের জন্য আপনাদের অঞ্চলাধীন প্রত্যেক শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাগণকে (ইতিপূর্বে উল্লেখিত প্রশিক্ষণ প্রাপ্তদের বাদ দিতে হবে) মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো।**

০৩। আপনার অঞ্চল হতে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদানপূর্বক অত্র স্টাফ কলেজকে আগামী ১৮/০৩/২০২০ ইং তারিখের মধ্যে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো। প্রশিক্ষণ শুরুর দিন সকাল ৯.০০ ঘটিকার মধ্যে প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণস্থলে উপস্থিত নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্যও অনুরোধ করা হলো।

০৪। উল্লেখ্য, প্রশিক্ষণ কোর্সটি পরিচালনার জন্য প্রশিক্ষণার্থীদের ব্যবহারের নিমিত্তে কাগজ, কলম, ফাইল কভার ইত্যাদি ক্রয়ের জন্য এবং স্থানীয়ভাবে শ্রেণীকক্ষ/হল/ অডিটরিয়াম, চেয়ার-টেবিল, মাল্টিমিডিয়া প্রজেক্টর, মাইক ভাড়া, ব্যানার তৈরী ইত্যাদি ব্যয় নির্বাহের জন্য থোক বরাদ্দ মোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং প্রশিক্ষণার্থীদের দুপুরের খাবার এবং ক্লাশ চলাকালীন সময়ে দুইবার চা-নাস্তা বাবদ জন প্রতি (শুধুমাত্র প্রশিক্ষণার্থী) প্রতিদিন বরাদ্দ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা খরচ করা যাবে।

এছাড়া, স্থানীয় প্রশিক্ষক অথবা অতিথি বক্তা হিসাবে যারা ক্লাশ পরিচালনা করবেন তাদের ক্লাশ প্রতি উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপকদের সম্মানী- ৩,০০০/- টাকা (প্রতি ক্লাশ), উপ-মহাব্যবস্থাপকদের সম্মানী- ২,০০০/- টাকা (প্রতি ক্লাশ), সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা প্রশিক্ষকদের সম্মানী-১,৫০০/- টাকা (প্রতি ক্লাশ, মুখ্য কর্মকর্তা/ তদনিম্ন কর্মকর্তা প্রশিক্ষকদের সম্মানী-১,০০০/- টাকা (প্রতি ক্লাশ) হারে সম্মানী বিকেবি স্টাফ কলেজের পক্ষে প্রদান করা যাবে। **উক্ত খরচসমূহ কোর্স সমাপ্তির পর প্রধান কার্যালয় বিকেবি সাধারণ হিসাবের মাধ্যমে বিকেবি স্টাফ কলেজ শাখার উপর ডেবিট এ্যাডভাইস ইস্যু করে স্থানান্তরের ব্যবস্থা নিতে হবে। তবে হিসাব সমন্বয়ের সুবিধার্থে ডেবিট এ্যাডভাইসটি অন্যান্য সংযুক্তিসহ বিকেবি স্টাফ কলেজের সমন্বয়কারী বরাবরে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০৫। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে আঞ্চলিক পর্যায়ে অনুষ্ঠিতব্য ''মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ" সংক্রান্ত প্রশিক্ষণ-কর্মশালাটি পরিচালনা এবং প্রশিক্ষণার্থী মনোনয়ন সংযুক্ত সময়সূচী অনুযায়ী সফল করার লক্ষ্যে আপনাদের সহযোগিতা একান্তভাবে কামনা করছি (বর্ণিত প্রশিক্ষণ কর্মশালাটি মাঠ পর্যায়ে পরিচালনার জন্য প্রস্তুতকৃত রুটিন সংযুক্তি- 'ক' তে দেয়া হলো)।

এতদসংক্রান্ত কোন পরামর্শ আবশ্যক মনে করলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার বিনীত অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৫/০৩/২০২০

(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
ঊর্ধ্বতন অনুষদ সদস্য (সমন্বয়)
মোবাইলঃ ০১৭১৬-১৭৯৪৯৯

নং-বিকেবি/প্রকা/এসসি-৫(১৮)/২০১৯-২০২০/৫৮৩(৯)    তারিখঃ ১৫/০৩/২০২০ ইং

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/ পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৫. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিকা, কুমিল্লা।
৬. উপ-মহাব্যবস্থাপক, এইচআরএমডি-২, বিকেবি, প্রকা, ঢাকা।
৭. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
   **পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**
৮. সংশ্লিষ্ট সমন্বয়কারীগণ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৯. অফিস কপি/ মহানথি।

১৫/০৩/২০২০

(মোহাম্মদ মোসাওয়ার হোসেন)
অনুষদ সদস্য (এসপিও)

বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ
প্লট#৩, ব্লক#এ, সেকশন#১৩
মিরপুর, ঢাকা-১২১৬।

ফোনঃ ০২-৯০০২৮৮৮
Email: gmsc@krishibank.org.bd
dgmti@krishibank.org.bd

সংযুক্তি-'ক'

কোর্স/কর্মশালার নাম ঃ **মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ**

প্রশিক্ষণার্থীর স্তর ঃ শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তা

কোর্সের মেয়াদকাল ঃ ০১(এক) দিন (২০/০৩/২০২০, শুক্রবার)

**সহযোগিতায়ঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।**

| পিরিয়ড ও সময় | বিষয়বস্তু | বক্তা |
|---|---|---|
| | **তারিখ ও বার** | |
| ৯.৩০-১০.০০ | রেজিষ্ট্রেশন ও পরিচিতি -স্বল্প সময়ের একটি উদ্বোধনী অনুষ্ঠান হতে পারে | |
| ১০.০০-১১.৩০ | মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন ও ট্রেড বেজড মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক প্রায়োগিক আলোচনা- প্রেক্ষিত বিকেবি। | |
| ১১.৩০-১১.৪৫ | **চা বিরতি** | |
| ১১.৪৫-০১.১৫ | মানি লন্ডারিং প্রতিরোধ আইন-২০১২ ও সন্ত্রাসে অর্থায়ণ প্রতিরোধ আইন-২০০৯ সম্পর্কিত বিশদ ধারণা। | |
| ০১.১৫-০২.১৫ | **নামাজ ও মধ্যাহ্ন বিরতি** | |
| ০২.১৫-০৩.১৫ | ML, KYC, TP এবং অভিন্ন হিসাব খোলা সম্পর্কে আলোচনা। | |
| ০৩.১৫-৪.৩০ | CTR এবং STR প্রস্তুতকরণ ,সন্দেহজনক লেনদেন এর নির্দেশক এবং এ বিষয়ক কেস স্ট্যাডি। | |
| ০৪.৩০-০৪.৪৫ | **চা বিরতি** | |
| ০৪.৪৫-৬.০০ | মানি লন্ডারিং প্রতিরোধের কৌশল এবং প্রতিরোধ কার্যক্রম মূল্যায়ন;<br>ক. স্ব-মূল্যায়ন পদ্ধতি। খ. স্বাধীন যাচাই পদ্ধতি। | |